



বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন  
সোনারগাঁও, নারায়ণগঞ্জ  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
[www.sonargaonmuseum.gov.bd](http://www.sonargaonmuseum.gov.bd)

স্মারক নং ৪৩.২৮.০০০০.১১১.২৩.৭২২.১৯.৭৪৯

তারিখ: ২৯.০৩.২০১৯

আগামী ২৯ চৈত্র থেকে ০১ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ ১২ থেকে ১৪ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ শুরু হচ্ছে ০৩ (তিন) দিনব্যাপী চৈত্রসংক্রান্তি, বৈশাখীমেলা ও বর্ষবরণ উৎসব

স্থান: বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন চত্বর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।  
উৎসব ও মেলায় থাকবে-

- বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের কারুশিল্পজাত পণ্য বিক্রয়ের স্টল।
  - বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলের কারুশিল্পীগণ কর্তৃক স্বহস্তে কারুশিল্প তৈরি, প্রদর্শন ও বিক্রয়ের ব্যবস্থা।
  - ঐতিহ্যবাহী গ্রামীণ খেলাধুলা, পুতুলনাচ, নাগরদোলা, সঙ সাজা ইত্যাদি।
১. ০৩(তিন) দিনব্যাপী বৈশাখী মেলায় স্টল গ্রহণে আগ্রহীগণ ৩০.০৩.২০১৯ তারিখ থেকে ০৬.০৪.২০১৯ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন স্টলের স্থান বরাদ্দের জন্য ফাউন্ডেশনের নির্ধারিত আবেদন ফরমে (মূল্য একশত টাকা প্রদান করে) আবেদন করতে পারবেন। ফাউন্ডেশনের ওয়েব সাইট থেকে [www.sonargaonmuseum.gov.bd](http://www.sonargaonmuseum.gov.bd) এ আবেদন ফরম ডাউনলোড করে আবেদন করা যাবে।
  ২. স্টল গ্রহীতাগণকে নিজ খরচে ফাউন্ডেশন প্রদত্ত পরিমাপে স্টল তৈরি করে নিতে হবে।
  ৩. আবেদনপত্রের সাথে প্রতিটি স্টলের ভাড়া বাবদ ৩০০০.০০ ( তিন হাজার ) টাকা এবং বিদ্যুৎ ব্যবহার ফি বাবদ ১০০০.০০ (এক হাজার) টাকা জমা দিতে হবে।
  ৪. স্টলে দু'টি পয়েন্টে ১০০w করে সর্বোচ্চ ২০০w পর্যন্ত দু'টি সেভিং বাতি ব্যবহার করতে পারবেন। প্রতি স্টলে ২ (দুই)টির বেশি পয়েন্ট থেকে বৈদ্যুতিক বাতি জ্বালানো হলে প্রতি পয়েন্টের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা করে বিদ্যুৎ ব্যবহার বাবদ অর্থ ফাউন্ডেশন তহবিল জমা প্রদান করতে হবে। প্রতি পয়েন্টে সর্বোচ্চ ১০০w এর বেশি এনার্জি সেভিং বাতি ব্যবহার করা যাবে না। স্টলে ফ্রিজ ব্যবহারের ক্ষেত্রে ১,০০০.০০ (এক হাজার) টাকা হারে অতিরিক্ত বিদ্যুৎ ফি ফাউন্ডেশন তহবিলে জমা প্রদান করতে হবে।
  ৫. আবেদন পত্র সংগ্রহের রিসিট, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং আবেদনকারীর দুইকপি সত্যায়িত ছবিসহ আবেদনপত্র আগামী ০৭.০৪.২০১৯ তারিখ পর্যন্ত (অফিস সময়ের মধ্যে) জমা প্রদান করতে হবে।
  ৬. আগামী ০৮.০৪.২০১৯ তারিখ সোমবার বেলা ১১-০০টায় লটারির মাধ্যমে আবেদনকারীর স্টলের স্থানের ক্রমিক নম্বর বন্টন করা হবে। আবেদনকারীদের উপস্থিতিতে উক্ত লটারি অনুষ্ঠিত হবে।
  ৭. লটারিতে নির্ধারিত ক্রমিক নম্বর অনুযায়ী আগামী ০৯.০৪.২০১৯ তারিখ থেকে কেবলমাত্র আবেদনকারীকেই স্টলের বরাদ্দপত্র প্রদান করা হবে।

বৈশাখী গ্রামীণ মেলায়, পান্ডা ইলিশের ভোজনোৎসব, বাউল আর লোকগানের আসর, ছোট সোনামণিদের নাচ, গান আর কবিতার আসরে আপনাদের জানাই প্রাণের নিমন্ত্রণ।

২৯/৩/১৯

(রবীন্দ্র গোপ)  
পরিচালক

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

ফোন: ০৯৬০৪০০০৭৭৭

ই-মেইল [director.s.museum@gmail.com](mailto:director.s.museum@gmail.com)